# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৮১০/৪২৭

তারিখ : ১২-০৯-২০২৩ খ্রি.

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৩-০৮-২০২৩ তারিখের অনলাইন আবেদন (আইডি-২২১৬৩)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন কে. কে. কে. বি মাধ্যমিক বিদ্যালয়-এর চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ আরাফাত মোর্শেদ-কর্তৃক বহিরাগত ব্যক্তি দ্বারা শিক্ষক-কর্মচারীদের নিকট চাঁদা দাবী, হুমকি ও শিক্ষার্থীদের নিকট হতে অর্থ আদায় করে আত্মসাৎসহ শিক্ষক-কর্মচারী ও কমিটির সদস্যদের অজান্তে বিধি-বহির্ভূতভাবে প্রধান শিক্ষক নিয়োগ দেয়ার প্রচেষ্টা, অবসরভাতা ও কল্যাণ ট্রাস্টের অগ্রায়নপত্রে টাকা ছাড়া স্বাক্ষর না করা এবং সর্বপরি জাতীয় শোকদিবস-২০২৩ অবমাননা করা মর্মে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব জি এম আকরাম হোসেন ও প্রাক্তন প্রধান শিক্ষক জনাব অরুন কুমার বিশ্বাস একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

১২-০৯-২০২৩
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
০২৪৭৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৮১০/৪২৭(১-৭)

তারিখ : ১২-০৯-২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, খুলনা।
২। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা।
৪। সভাপতি জনাব মোঃ আরাফাত মোর্শেদ, কে. কে. কে. বি মাধ্যমিক বিদ্যালয়, কাগজিপাড়া, ডুমুরিয়া, খুলনা।
৫। প্রধান শিক্ষক, কে. কে. কে. বি মাধ্যমিক বিদ্যালয়, কাগজিপাড়া, ডুমুরিয়া, খুলনা।
৬। প্রাক্তন প্রধান শিক্ষক জনাব অরুন কুমার বিশ্বাস, কে. কে. কে. বি মাধ্যমিক বিদ্যালয়, কাগজিপাড়া, ডুমুরিয়া, খুলনা।
৭। অফিস নথি।

১২-০৯-২০২৩
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
০২৪৭৭৭৬২৭০৫

# খরশন্ডা, কাগজিপাড়া, কেয়াখালী, বাগদাড়ী মাধ্যমিক বিদ্যালয়

(স্থাপিত ঃ ১৯৬৪ খ্রিস্টাব্দ)

বিদ্যালয় কোড নং-৩৮১০, এমপিও কোড ঃ ৬০০৪০৪১৩০২

ডাকঘর ঃ কাগজিপাড়া, উপজেলা ঃ ডুমরিয়া, জেলা ঃ খুলনা।

EIIN : 116977, E-mail : head.kb1964@gmail.com


স্মারক নং- কেবি – ৪৪/২৩ তারিখ ঃ ২৩/০৮/২০২৩

তারিখ:

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক,

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

**বিষয়ঃ খরশন্ডা, কাগজীপাড়া, কেয়াখালী, বাগদাড়ী (কে.কে.কে.বি) মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি কর্তৃক বহিরাগত ব্যক্তি দ্বারা শিক্ষক কর্মচারীদের নিকট চাঁদার দাবী, হুমকি ও ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অর্থ আদায় করে আত্মসাৎ সহ শিক্ষক কর্মচারী ও কমিটি সদস্যদের অজান্তে বিধি বহির্ভূতভাবে প্রধান শিক্ষক নিয়োগ দেওয়ার প্রচেষ্টা এবং জাতীয় দিবসকে অবমাননা করা প্রসংগে।**

জনাব

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, খরশন্ডা, কাগজীপাড়া, কেয়াখালী, বাগদাড়ী (কে.কে.কে.বি) মাধ্যমিক বিদ্যালয়ে গত ১১/১০/২০২২ খ্রি. তারিখে নিয়োগকৃত ৩ জন কর্মচারীর ০১/০১/২০২৩ খ্রি. তারিখে ১ম এমপিও ভুক্ত হয় এবং বেতন উত্তোলণের সময় সভাপতি জনাব আরাফাত মোর্শেদ ও তার সহযোগী সহদর ভাই মোঃ জোবায়ের রাসেল এবং মোঃ মোফাজ্জেল গাজী বেতন সীটে স্বাক্ষর দেওয়ার কথা বলে বেতন সীট আটকিয়ে রেখে জনপ্রতি ২,০০,০০০/- টাকা করে মোট ৬,০০,০০০/- টাকা দাবী করে। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার জনাব শরীফ আসিফ রহমান ডুমুরিয়া, খুলনা বরাবর ০৮/০২/২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ০৯/০২/২০২৩ খ্রি. তারিখে নির্বাহী অফিসারের মাধ্যমে এই সমস্যার সমাধান করা হয়। এরপরও সভাপতিকে প্রতি মাসে টাকা না দিলে বেতন সীটে স্বাক্ষর করার জন্য টালবাহানা করে। সভাপতির নির্দেশে মোঃ মোফাজ্জেল গাজী অভিভাবকদের নিকট থেকে বিদ্যালয়ের বেতন, পরীক্ষার ফিস কমিয়ে দেওয়ার কথা বলে টাকা নিয়ে আত্মসাৎ করে। সভাপতি পারিবারিক শত্রুতার জের ধরে প্রতিপক্ষ পরিবারের সন্তানদের এস এস সি পরীক্ষার ফরম পুরণ না করার জন্য প্রধান শিক্ষকের উপর চাপ সৃষ্টি করে। গত ০৩/০৮/২০২৩ খ্রি. রোজ বৃহস্পতিবার বিদ্যালয়ের অফিস চলাকালীন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতির নির্দেশে কমিটি বহির্ভূত মোঃ মোফাজ্জেল গাজী, পিং-মতলেব গাজী, গ্রাম+ডাক-কাগজীপাড়া, ডুমুরিয়া, খুলনা সহ আরো ৫-৬ জন বিদ্যালয়ের অফিস কক্ষে এসে প্রধান শিক্ষক নিয়োগের জন্য প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জি এম আকরাম হোসেনকে বলেন তাদের নিজেস্ব তৈরীকৃত রেজুলেশন খাতায় প্রধান শিক্ষক নিয়োগের সকল কার্যক্রম প্রস্তুত এবং এই মুহূর্তে রেজুলেশনসহ সকল কাগজপত্রে স্বাক্ষর করতে হবে। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) সভাপতির অনুপস্থিতিতে স্বাক্ষর করতে অস্বীকৃতি জানান। তখন মোঃ মোফাজ্জেল গাজী বলেন সভাপতির কোন প্রয়োজন নাই। সবকিছু আমার নির্দেশই হবে। অতঃপর উনি ১ ঘন্টার মধ্যে স্বাক্ষর করতে বাধ্য করার জন্য দূর্ব্যবহার করে এবং হুমকি দেয়। এতে অন্যান্য শিক্ষক মন্ডলী বিষয়টি সামাল দেওয়ার চেষ্টা করলে তিনি তাদের সাথেও অকথ্য ভাষা ব্যবহার করে এবং সাময়িক বরকাস্তের হুমকি দেয়। উল্লেখ থাকে যে, গত ০৩/০৮/২০২৩ ইং তারিখ রোজ বৃহস্পতিবার "দৈনিক সময়ের খবর" পত্রিকার ৩ নং পাতার ৮ নং কলামে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) এর বিরুদ্ধে ১টি মিথ্যা সংবাদ ছাপানো হয়। গত ০৪/০৮/২০২৩ ইং তারিখ রোজ শুক্রবার "দৈনিক পূর্বাঞ্চল" পত্রিকায় প্রধান শিক্ষক নিয়োগের জন্য প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) এর অজান্তে ১টি ভূঁয়া বিজ্ঞপ্তী ছাপানো হয়। বিজ্ঞপ্তী সম্পর্কে বিদ্যালয়ের সভাপতি জনাব আরাফাত মোর্শেদ এর কাছে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মুঠো ফোনে জানতে চাইলে তিনি বলেন এই নিয়োগ বিজ্ঞপ্তীর ব্যাপারে আমি কিছুই জানিনা। কমিটির বহির্ভূত মোঃ মোফাজ্জেল গাজী ও তার সহযোগীরা প্রায়ই বিদ্যালয়ে আসা যাওয়া করছে এবং শিক্ষকদের সহিত অকথ্য ভাষায় গালিগালাজসহ মারপিট করার হুমকি দিচ্ছে যার ফলে প্রতিষ্ঠানের কোমলমতি শিক্ষার্থীদের পাঠ দান ব্যহত হচ্ছে। এ বিষয়টি সভাপতি জনাব আরাফাত মোর্শেদকে বার বার অবহিত করা স্বত্তেও তিনি কোন প্রকার ব্যবস্থা গ্রহণ করেননি। সভাপতি জনাব আরাফাত মোর্শেদ সাহেবকে জাতীয় দিবস গুলোতে দাওয়াত দিলে তিনি বিদ্যালয় আসতে অস্বীকৃতি জানান। এমনকি গত ১৫/০৮/২০২৩ ইং তারিখ "জাতীয় শোক দিবসে" বিদ্যালয়ে দাওয়াত দিলে তিনি বলেন শোক দিবস আবার কি? শোক দিবস পালন করার সময় আমার নেই।

অতএব, জনাবের নিকট বিনীত প্রার্থনা উপরোক্ত বিষয়াদি বিবেচনা করে যথাযথ ব্যবস্থা গ্রহণে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদকগণঃ

১। [signature] ২৩/০৮/২৩

জি, এম, আকরাম হোসেন
(বি, এস-সি, বি, এড)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত),
খরশন্ডা কাগজিপাড়া কেয়াখালী বাগদাড়ী মাধ্যমিক বিদ্যালয়
ডুমুরিয়া, খুলনা। মোবাঃ 01925-331506
ইনডেক্স নং- K-583053

তারিখ ঃ ২৩/০৮/২০২৩ ইং

বরাবর,
বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

**বিষয়ঃ অবসরভাতা ও কল্যাণ ট্রাস্টের অগ্রায়ন পত্রে টাকা ছাড়া সভাপতির স্বাক্ষর না করা প্রসংগে।**

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন আমি নিম্ন স্বাক্ষরকারী অরুন কুমার বিশ্বাস, পিতা- অমূল্য বিশ্বাস, মাতা- সোনামতি বিশ্বাস, গ্রাম- হাজিরবুনিয়া, ডাক- কাঞ্চননগন, ডুমুরিয়া, খুলনা। খরশন্ডা, কাগজীপাড়া, কেয়াখালী, বাগদাড়ী (কে.কে.কে.বি) মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক এই মর্মে জানাইতেছি যে, ০১/১০/১৯৯১ খ্রি. তারিখে সহকারী শিক্ষক পদে যোগদান করে ৩১/১২/২০২২ খ্রি. তারিখে প্রধান শিক্ষক পদ থেকে অবসর গ্রহণ করি। অবসরভাতা ও কল্যান ট্রাস্টের অনলাইন আবেদনের জন্য অগ্রায়নপত্রে সভাপতির স্বাক্ষর প্রয়োজন হইলে টাকা ছাড়া সভাপতি জনাব আরাফাত মোর্শেদ (০১৫৮১-৩৯৬১৬৯) স্বাক্ষর দিতে রাজি নন। যে কারণে আমি আজ পর্যন্ত প্রায় ৮ মাস অতিবাহিত হলেও অনলাইন আবেদন করতে পারি নাই। সে জন্য অনলাইন আবেদনে সিরিয়াল হইতে পিছনে পড়ে যাচ্ছি। আমি শারীরিকভাবে অসুস্থ্য।

অতএব, জনাবের নিকট বিনীত প্রার্থনা উপরোক্ত বিষয়াদি বিবেচনা করে যথাযথ ব্যবস্থা গ্রহণে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

অরুন কুমার বিশ্বাস